চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 180 Wednesday, 31 May, 2023 ❋ ২৮ বর্ষ, ১৮০ সংখ্যা ❋ ১৬ জ্যৈষ্ঠ, ১৪৩০, বুধবার, ৩১ মে, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য– ৩ টাকা

স্বয়ং কলকাতা পৌরসভার ৬৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার সুদর্শনা মুখোপাধ্যায়ের বালিগঞ্জ প্লেসের বাড়িতে চুরি। অভিযোগ, আলমারি ভেঙে ৫০ লাখ টাকা লুট করে পালিয়েছে দুষ্কৃতীরা। উধাও হয়েছে লাখখানেক টাকার অলঙ্কার। ...বিস্তারিত পাতা ৩

পুলিশের গাড়ির চাকায় পিষ্ট হয়ে এক কিশোরের মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে উত্তপত হয়ে উঠল দিয়ার ধানতলা থানা এলাকার কুলগাছি গ্রামে। পুলিশের গাড়ির চাকায় পিষ্ট হয়ে আরও দুইজন চিকিৎসাধীন রয়েছেন বলে খবর। ...বিস্তারিত পাতা ৫

পরিবেশ রক্ষায় আমরা দায়বদ্ধ। যে করেই হোক পরিবেশকে রক্ষা করতে পারলে আমাদের ভালো। আমরা সাধারণত জানি যে, প্লাস্টিক বায়ো-ডিগ্রেসেবল নয়। অর্থাৎ প্লাস্টিকে ক্ষয় হয় না। তবে এর বহুল ব্যবহার পরিবেশের ক্ষতি করে। ...বিস্তারিত পাতা ৬

ভারতীয় ক্রিকেটের প্রিন্স, দেশের ক্রিকেটের ভবিষ্যৎ। এ বারের আইপিএল এমনই বেশ কিছু বিশেষণ পেয়ে গিয়েছেন শুভমন গিল। তাঁর ব্যাট বিরাট কোহলি, রোহিত শর্মার ২০২৩ আইপিএল জয়ের স্বপ্নকে ধুলিস্যাৎ করে দিয়েছে। ...বিস্তারিত পাতা ৮

কংগ্রেসের সঙ্গে বৃহত্তর বিরোধী ঐক্যে প্রভাব ফেলবে না মমতা

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ ডিএ আন্দোলনের মাঝেই জরুরি বৈঠকে বসতে চলেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আগামীকাল দুপুর ৩টে থেকে গুরুত্বপূর্ণ বৈঠক ডাকলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কর্মচারী সংগঠনগুলোকে ডাকা হচ্ছে বৈঠকে। সমস্ত সেক্রেটারিয়েট লেভেলের অফিসারদেরও বৈঠকে ডাকা হয়েছে আগামীকাল। নবান্ন সভা ঘরে হবে এই বৈঠক বলেই নবান্ন সূত্রে খবর। ইতিমধ্যেই পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশন সহ কয়েকটি সংগঠন কে ডাকা হয়েছে বৈঠকে বলেই নবান্ন সূত্রে খবর। এদিন নবান্নে সাংবাদিক বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এই প্রসঙ্গে তিনি বলেন, ‘‘আমি কাল ডিএ নিয়ে সবার সঙ্গে কথা বলছি না। কিছু কিছু লোকের সঙ্গে আমি কথা বলব, ওরা আমার সঙ্গে কথা বলতে চেয়েছিল।’’ প্রসঙ্গত, এদিন রাজ্য জুড়ে ১ লক্ষ ২৫ হাজার নতুন নিয়োগের ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পঞ্চায়েত নির্বাচনের আগে বিপুল এই কর্মসংস্থানের ঘোষণা নিঃসন্দেহে তাৎপর্যপূর্ণ। লক্ষাধিক এই নিয়োগের মধ্যে স্কুলে শিক্ষক, শিক্ষিকা, রাজ্য সরকারের গ্রুপ ডি সহ বিভিন্ন দফতরে নিয়োগের কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী। এ ছাড়াও চিকিৎসক, নার্স, অধ্যাপক থেকে শুরু করে অঙ্গনওয়াড়ি কর্মী নিয়োগের ঘোষণাও করেছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, ‘‘আগামী দুই থেকে তিন মাসের মধ্যেই এই নিয়োগ প্রক্রিয়া শুরু হয়ে যাবে।’’ মুখ্যমন্ত্রী এ দিন বলেন, ‘‘রাজ্য সরকার নতুন কর্মসংস্থানের ব্যাপক জোর দিচ্ছে। আমরা দ্রুত এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে বদ্ধপরিকর।’’ এদিকে বাইরন বিশ্বাসকে দলে টানা নিয়ে সরাসরি তৃণমূলকে নিশানা করলেন কংগ্রেস শীর্ষ নেতা জয়রাম রমেশ। ট্যুইট করে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী জয়রাম অভিযোগ করেন, দলবদলের এই ঘটনা বিরোধী ঐক্যকে দুর্বল করে বিজেপি-রই সুবিধা করে দেবে। যদিও জয়রাম রমেশের অভিযোগের সরাসরি জবাব দেননি মুখ্যমন্ত্রী তথা তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বাইরনের যোগদানের বিষয়টি নিছকই রাজ্য রাজনীতির বিষয় বলে দাবি করেছেন মমতা। তাঁর পাল্টা দাবি, সর্বভারতীয় স্তরে বিরোধীরা ঐক্যবদ্ধই রয়েছে। উপনির্বাচনে জেতার তিন মাসের মধ্যেই গতকাল তৃণমূলে যোগ দেন রাজ্যে কংগ্রেসের একমাত্র বিধায়ক বাইরন বিশ্বাস। এই ঘটনাতেই তৃণমূলকে নিশানা করেন কংগ্রেস নেতা জয়রাম রমেশ। ট্যুইটারে তিনি লেখেন, ‘ঐতিহাসিক জয় পাওয়ার তিন মাসের মধ্যেই প্রলোভন দেখিয়ে সাগরদিঘির কংগ্রেস বিধায়ক বাইরন বিশ্বাসকে দলে টেনে নিল তৃণমূল। এটা সাগরদিঘি বিধানসভা কেন্দ্রের মানুষের রায়ের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা। এর আগেও গোয়া, মেঘালয়, ত্রিপুরা সহ বিভিন্ন রাজ্যে বিধায়ককে দলে টানার এমন ঘটনা ঘটেছে। এতে বিরোধীদের ঐক্য যেমন দুর্বল হবে সেরকমই বিজপি-র উদ্দেশ্য সাধন হবে।’ এ দিন নবান্নে বাইরন বিশ্বাসের দলবদল নিয়ে প্রশ্ন করা হলে মমতা বলেন, ‘‘এ সব বিষয়ে আমি জানি না। ব্লক স্তরের কোনও নেতাকে জিজ্ঞেস করুন।’’ বাইরন বিশ্বাসের দলবদলের ঘটনা জাতীয় স্তরে বিরোধী ঐক্যেও চিড় ধরাবে না বলে দাবি করেন মুখ্যমন্ত্রী। জয়রাম রমেশের ট্যুইট নিয়ে প্রশ্ন করা হলে মমতা বলেন, ‘‘জাতীয় স্তরে আমরা সবাই একসঙ্গে রয়েছি। রাজ্য স্তরে সব দলের নিজস্ব সীমাবদ্ধতা থাকে। আমরা তো হিমাচল, গুজরাত, ছত্তীসগড়ে কংগ্রেসকে বিরক্ত করিনি। বরং সমর্থন করেছি। দেশের কত জায়গায় তো কংগ্রেস লড়ছে, আমরা একটাও আসন চেয়েছি? শুধু তো ভোটের জেতার জন্য নির্বাচনে লড়া নয়, ভোট প্রাপ্তির হার বাড়ানোও লক্ষ্য থাকে। যাতে জাতীয় দলের মর্যাদা থাকে। নির্বাচন কমিশন অন্যায় ভাবে আমাদের জাতীয় দলের মর্যাদা কেড়ে নিয়েছে। ২০২৬ পর্যন্ত এই তকমা থাকার কথা থাকলেও আগেই তা পর্যালোচনা করে বাতিল করে দিয়েছে নির্বাচন কমিশন। শুধু বিজেপি আর কংগ্রেসই জাতীয় দল থাকবে? আমি কারও কোনও কথার জবাব দেব না। জয়রাম রমেশ যদি তৃণমূলের সমালোচনা করে থাকেন, তাঁকে ধন্যবাদ।’’ কয়েকদিন আগে কর্ণাটকে কংগ্রেসের বিপুল জয়ের পরই বিরোধী জোট নিয়ে রাহুল- সোনিয়াদের ইতিবাচক বার্তা দিয়েছিলেন তৃণমূলনেত্রী। বিরোধী জোট শক্তিশালী করতে কলকাতায় এসে মমতার সঙ্গে বৈঠক করে যান বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারও। তার পরে হঠাৎই বাইরন বিশ্বাসের দলবদলের ঘটনায় ফের একবার কংগ্রেস-তৃণমূল সংঘাতের আশঙ্কা তীব্র হয়েছে। যদিও মমতা এ দিন ফের একবার জোরের সঙ্গে জানিয়েছেন, বিরোধী দলগুলিকে নিয়ে তিনি পটনায় নীতীশ কুমারকে যে বৈঠক ডাকার প্রস্তাব দিয়েছেন, সেই বৈঠক খুব শিগগিরই হবে।

অগ্নিগর্ভ মণিপুরে যেতে চান মুখ্যমন্ত্রী, চিঠি লিখলেন কেন্দ্রকে

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ মণিপুরের অগ্নিগর্ভ পরিস্থিতি নিয়ে আগেই উদ্বেগ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার সেই মণিপুরে নিজে যেতে চান তিনি। মণিপুরে যাওয়ার আর্জি জানিয়ে কেন্দ্রকে তিনি চিঠি দিয়েছেন বলে সূত্রের খবর। ইতিমধ্যেই পরিস্থিতি সামাল দিতে মণিপুরে গিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এবার সেখানে যাওয়ার ইচ্ছা প্রকাশ করলেন মমতা। মণিপুরের বর্তমান পরিস্থিতির জন্য বিজেপিকে বারবার দায়ী করেছেন মমতা। সে রাজ্যে শান্তি ফেরাতে রাষ্ট্রপতির হস্তক্ষেপের দাবি জানিয়েছে কংগ্রেস। এরই মধ্যে মমতার এই চিঠি বিশেষ তাৎপর্যপূর্ণ বলেই মনে করা হচ্ছে। সোমবারই মণিপুরে পৌঁছেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। ওইদিন রাতেই মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং ও রাজ্যের গভর্নিং কাউন্সিলের সঙ্গে বৈঠক করেন তিনি। রাজ্যের আইন-শৃঙ্খলা নিয়ে খোঁজ-খবর নেন। ১ জুন পর্যন্ত সেখানেই থাকবেন অমিত শাহ। মণিপুরের মেইতি ও কুকি সম্প্রদায়ের মানুষের সঙ্গেও শাহ দেখা করবেন এবং অশান্তি বন্ধ করতে তাঁদের দাবি শুনবেন বলে সূত্রের খবর। রাজনীতির উর্ধ্বে গিয়ে মণিপুরকে রক্ষা করার বার্তা আগেই দিয়েছিলেন মমতা। টুইট করে প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলেন তিনি। একতা, শান্তি ও সম্প্রীতি রাখার আবেদন জানিয়েছিলেন। শুধু তাই নয়, মণিপুরে যাঁরা আটকে পড়েছেন, তাঁদের কথা ভেবে কন্ট্রোল রুমও খোলা হয় নবান্নে। মুখ্যমন্ত্রী জানিয়েছিলেন, যাঁরা বিমানবন্দরে পৌঁছতে পারছেন না, উপদ্রুত এলাকায় আটকে পড়েছেন, তাঁদের সহায়তার জন্য মণিপুর সরকারের সঙ্গে যোগাযোগ রাখছে রাজ্য সরকার। উল্লেখ্য, জনজাতির সংরক্ষণের নিয়মে বদলকে কেন্দ্র করে এপ্রিলের শেষের দিক থেকেই উত্তেজনা ছড়াতে শুরু করেছিল মণিপুরে। মে মাসের গোড়াতেই সেই সংঘর্ষ ভয়ঙ্কর আকার ধারণ করে। একটি মিছিল ঘিরে দফায় দফায় সংঘর্ষ হয়, ভাঙচুর-আগুন লাগিয়ে দেওয়া হয় বাড়িঘর-দোকানপাটে। ওই সংঘর্ষে কমপক্ষে ৮০ জনের মৃত্যু হয়েছিল। মে মাস শেষ হয়ে এল, এখনও পরিস্থিতি নিয়ন্ত্রণে আসেনি।

‘মরে গেলে বিচার করে কী হবে স্যর?’ ভারাক্রান্ত মনে আদালতে বললেন পার্থ

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ নিয়োগ দুর্নীতিতে গ্রেফতার রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে মঙ্গলবার গ্রুপ সি মামলায় পেশ করা হয়েছিল আলিপুরে সিবিআই বিশেষ আদালতে। পার্থর শরীর যে খুব একটা ভাল নেই, সেই কথা এদিন আদালতে জানান তাঁর আইনজীবী। তবে জামিনের আবেদন করেননি তাঁর আইনজীবী। পার্থর বয়ানে তাঁর আইনজীবী বলেন, ‘‘জামিন চাইছি না। ভারাক্রান্ত মন নিয়ে একটি মেডিক্যাল আবেদন করছি। পা ফুলেছে। চোখের অবস্থাও ভাল না। একটা প্রপার মেডিক্যাল ট্রিটমেন্টের আবেদন করছি।’’ সিবিআই বিশেষ আদালতে এদিন বিচারক অর্পণ চট্টোপাধ্যায়ের এজলাসে এভাবেই কাতর আর্তি জানাতে দেখা যায় পার্থকে। নিজের শারীরিক অবস্থার কথা তুলে ধরে আবারও আদালত কক্ষে সরব হলেন পার্থ ও তাঁর আইনজীবী। বিচারকের কাছে পার্থ চট্টোপাধ্যায় আরও বলেন, ‘‘স্যর, আমি আপনাকে একটা কথা বলতে চাইছি। সুপার লিখে দিচ্ছেন একটি নির্দিষ্ট হাসপাতাল। সেই হাসপাতাল রিপোর্ট ব্যাক করছে ১০ দিন পর। একটা লোক আক্রান্ত হবে, আর ১০ দিন পর দেখবে! দেখুন স্যর, মেরে ফেলে বিচার কি হবে? মরে গেলে আর বিচার কি হবে? ৩০০ দিনের উপরে হয়ে গেল স্যর।’’ উল্লেখ্য, এর আগে গত মার্চ মাসে এক ভার্চুয়াল শুনানির সময়েও পার্থ চট্টোপাধ্যায়ের মুখে অনেকটা একই ধরনের কথা শোনা গিয়েছিল। তখনও তিনি বলেছিলেন, ‘‘যদি মরেই যাই, তাহলে আর বিচার করে কী হবে!’’ সেদিনও ভার্চুয়াল শুনানিপর্বে অনেকটা একই গোছের শারীরিক সমস্যার কথা তুলে ধরেছিলেন তিনি। বলেছিলেন, তাঁর পা ফুলে গিয়েছে। এমনকী সেই সময়েও জেলবন্দি অবস্থায় চিকিৎসা পরিষেবার সুযোগ সুবিধার অসুবিধার কথা বলেছিলেন তিনি। মাস খানেক পেরিয়ে আবারও আদালতে সেই একই ধরনের কথা বলতে দেখা গেল পার্থকে। এবার অবশ্য ভার্চুয়ালি নয়, সশরীরে হাজিরা দিয়েই সে কথা জানালেন জেলবন্দি পার্থ চট্টোপাধ্যায়।

কোন পুরসভায় কত নিয়োগ? ফিরহাদের দফতর থেকে সব তথ্য চাইল ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ রাজ্যে নিয়োগের ক্ষেত্রে যে দুর্নীতি ও বেনিয়মের অভিযোগ উঠেছে, তা এখন আর শুধু শিক্ষক নিয়োগের ক্ষেত্রেই সীমাবদ্ধ নেই। পুরসভার নিয়োগের ক্ষেত্রেও বিস্তর অভিযোগ উঠে এসেছে। বিশেষ করে নিয়োগ দুর্নীতিকাণ্ডে গ্রেফতার অয়ন শীলের বাড়ি থেকে পুরসভার নিয়োগ সংক্রান্ত গাদা গাদা ওএমআর শিট পাওয়ার পর থেকেই সন্দেহ আরও বেড়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার। আর এবার পুরসভার নিয়োগ দুর্নীতির মামলায় আরও তৎপর এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। ইতিমধ্যেই রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতরকে ইডির তরফে একটি চিঠি পাঠানো হয়েছে বলে জানা যাচ্ছে। ২০১৪ সাল থেকে এখনও পর্যন্ত কোন কোন পুরসভায় কত নিয়োগ হয়েছে, সেই সংক্রান্ত যাবতীয় তথ্য জানতে চেয়েছে ইডি। শুধু পুর ও নগরোন্নয়ন দফতরকেই নয়, এর পাশাপাশি রাজ্যের মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনকেও একটি চিঠি পাঠানো হয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার তরফে। সূত্রের খবর, ২০১৪ সাল থেকে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন মারফত নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য চেয়ে পাঠিয়েছেন ইডির তদন্তকারী অফিসাররা। ২০১৪ সাল থেকে কোন কোন পুরসভায় কত নিয়োগ হয়েছে, কোন এজেন্সি দায়িত্বে ছিল, সেই সব বিষয়েও বিস্তারিত তথ্য চাওয়া হয়েছে বলে সূত্রের খবর। এছাড়া হুগলির জেলাশাসককেও চিঠি পাঠানো হয়েছে বলে সূত্র মারফত জানা গিয়েছে। উল্লেখ্য, এর আগে ইডির তরফে যে রিপোর্ট আদালতে জমা করা হয়েছিল, তাতে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা দাবি করেছিল নিয়োগ দুর্নীতিতে গ্রেফতার অয়ন শীল ইডির জেরায় স্বীকার করেছে পুরসভায় বেআইনি নিয়োগের জন্য প্রচুর পরিমাণে টাকা নেওয়া হয়েছে। চাকরিপ্রার্থীদের থেকে সব মিলিয়ে ২০০ কোটিরও বেশি টাকা নেওয়া হয়েছিল বলে দাবি এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের। কোন কোন পদে নিয়োগের জন্য এই আর্থিক লেনদেন হয়েছিল, সেই তথ্যও রিপোর্টে উল্লেখ করেছিল ইডি। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার দাবি মজদুর, সুইপার, ক্লার্ক, পিওন, অ্যাম্বুলেন্স অ্যাটেন্ড্যান্ট, অ্যাসিস্ট্যান্ট মিস্ত্রি, পাম্প অপারেটর, হেল্পার, স্যানিটারি অ্যাসিস্ট্যান্ট, ড্রাইভার-সহ বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে এই টাকা-পয়সার লেনদেন হয়েছিল।

কুস্তিগীরদের উপর আক্রমণের ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের দ্বারস্থ তৃণমূল

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ দিল্লিতে কুস্তিগীরদের উপর আক্রমণের ঘটনায় প্রথম থেকেই সরব ছিল তৃণমূল কংগ্রেস। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও ঘটনার তীব্র নিন্দা জানিয়ে টুইট করেছিলেন। এবার এই ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের দ্বারস্থ হল তৃণমূল কংগ্রেস। দিল্লিতে কুস্তিগীরদের উপর আক্রমণের ঘটনায় পদক্ষেপের আর্জি জানিয়ে মঙ্গলবার তৃণমূল মুখপাত্র সাকেত গোখলের নেতৃত্বে জাতীয় মানবাধিকার কমিশনকে একটি চিঠি দিল তৃণমূল কংগ্রেস। চিঠিতে দিল্লি পুলিশের বিরুদ্ধে কুস্তিগীরদের মারধর ও হেনস্থার অভিযোগ তুলে কড়া পদক্ষেপের আবেদন জানানো হয়েছে। বিষয়টি জানিয়ে ইতিমধ্যে টুইটও করেছেন তৃণমূল মুখপাত্র সাকেত গোখলে। মহিলা কুস্তিগীরদের উপর আক্রমণের ঘটনার তীব্র নিন্দা জানিয়ে টুইটারে সাকেত গোখলে আরও লিখেছেন, ‘এটা শুধু তাঁদের প্রতিবাদ করার মৌলিক অধিকারের লঙ্ঘন করা নয়, নারী হিসাবেও তাঁদের অধিকার লঙ্ঘন করা হয়েছে।’ এই বিষয়ে জাতীয় মানবাধিকার কমিশনের কাছে দ্রুত নিরপেক্ষ পদক্ষেপ করারও আবেদন জানানো হয়েছে বলে টুইটারে উল্লেখ করেছেন সাকেত গোখলে। প্রসঙ্গত, ভারতের কুস্তি ফেডারেশনের সভাপতি ব্রিজ ভূষণ শরণ সিংহের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ উঠেছে। তাঁকে গ্রেফতারের দাবিতেই গত ২৩ এপ্রিল থেকে দিল্লির যন্তর মন্তরে প্রতিবাদ বিক্ষোভ শুরু করেছেন মহিলা কুস্তিগীররা। গত ২৮ মে, রবিবার তাঁরা নতুন সংসদ ভবনের সামনে মহা পঞ্চায়েত করার কর্মসূচি নিয়েছিলেন। সেই কর্মসূচিতে যাওয়ার পথেই দিল্লি পুলিশ বিক্ষোভকারীদের বাধা দেয় এবং তাঁদের নিগ্রহ করেন বলে অভিযোগ। সাক্ষী মালিক, ভিনেশ ফোগাট, বজরং পুনিয়া সহ বেশ কয়েকজনকে আটকও করে দিল্লি পুলিশ। তাঁদের উপর পুলিশি নিগ্রহের ছবি সোশ্যাল মিডিয়াতেও ভাইরাল হয়েছে। সেই ঘটনার নিন্দা জানিয়ে সেদিনই টুইট করেন বাংলার মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। তৃণমূলের তরফেও ঘটনার নিন্দা জানিয়ে টুইট করা হয়।

মণিপুরে শান্তি ফেরাতে রাষ্ট্রপতির হস্তক্ষেপের দাবি কংগ্রেসের

নয়াদিল্লি, ৩০ মেঃ মণিপুরের অশান্তির ঘটনায় এবার রাষ্ট্রপতির দ্বারস্থ কংগ্রেস। মণিপুরের অশান্তি বন্ধ করতে অবিলম্বে পদক্ষেপ গ্রহণের আর্জি জানিয়ে মঙ্গলবার সকালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করে কংগ্রেসের প্রতিনিধি দল। কংগ্রেস নেতৃত্বের দাবি, মণিপুর খুব ছোট রাজ্য। কেন্দ্রীয় সরকার চাইলে অবিলম্বে মণিপুরের অশান্তি বন্ধ করতে পারে। ইতিমধ্যে বহু মানুষের মৃত্যু হয়েছে। তাই এবার মণিপুরের অশান্তি রুখতে রাষ্ট্রপতির হস্তক্ষেপের দাবি জানান তাঁরা। এই দাবিতে এদিন মল্লিকার্জুন খাড়্গের নেতৃত্বে রাষ্ট্রপতিকে একটি স্মারকলিপিও দেন কংগ্রেসের প্রতিনিধি দলের সদস্যরা। এদিন সকালে মল্লিকার্জুন খাড়্গের নেতৃত্বে কে.সি বেণুগোপাল ও মুকুল ওয়াসনিক সহ মণিপুর কংগ্রেসের প্রতিনিধিরা রাইসিনা হিলসে যান এবং রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করেন। মণিপুর কংগ্রেসের প্রতিনিধিদের মধ্যে ভক্তচরণ দাস, ওখরাম ববি সিং, মেঘাচন্দ্র সিং সহ ৫ সদস্য ছিলেন। তাঁদের সঙ্গে একপ্রস্থ বৈঠকও করেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। মণিপুর কংগ্রেসের প্রতিনিধিরা রাজ্যের বর্তমান পরিস্থিতির কথা রাষ্ট্রপতির কাছে তুলে ধরেন। কীভাবে সাধারণ মানুষের উপর হামলা চালানো হচ্ছে, ঘর-বাড়ি পুড়িয়ে দেওয়া হচ্ছে, তা তুলে ধরেন তাঁরা। কংগ্রেস নেতৃত্বের দাবি, সরকার চাইলে দ্রুত অশান্তির নিরসন হবে। মণিপুরের শান্তি ও সম্প্রীতি ফিরিয়ে আনতে রাষ্ট্রপতিকে দ্রুত ব্যবস্থা গ্রহণেরও আর্জি জানান তাঁরা। রাষ্ট্রপতিও তাঁদের কথা মনোযোগ সহকারের শোনেন। তারপর মণিপুরের শান্তি ফিরিয়ে আনতে দলীয় সভাপতি মল্লিকার্জুন খাড়্গের নেতৃত্বে ১২ দফা দাবি সম্বলিত একটি স্মারকলিপি রাষ্ট্রপতির কাছে পেশ করেন কংগ্রেস প্রতিনিধিরা। মণিপুরে শান্তি, সম্প্রীতি ফিরিয়ে আনতে রাজনৈতিক দল হিসাবে কংগ্রেস সর্বতোভাবে সাহায্য করবে বলেও রাষ্ট্রপতিকে জানিয়েছেন মল্লিকার্জুন খাড়্গে। রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতের পর পুরো বিষয়টি জানিয়ে টুইট করেছেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্গে। মণিপুরকে পুনরায় স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতেই তাঁরা অবিলম্বে রাষ্ট্রপতির হস্তক্ষেপের দাবি করেছেন বলে টুইটারে জানান কংগ্রেস সভাপতি। প্রসঙ্গত, মণিপুরের অশান্তির ঘটনায় উদ্বিগ্ন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সোমবার রাতেই ইম্ফল পৌঁছেছেন। মণিপুরের অশান্তি বন্ধ করতে কী পদক্ষেপ করা যায়, সে বিষয়ে রূপরেখা করতে রাতেই মণিপুরের মুখ্যমন্ত্রী এন.বীরেন সিং সহ অন্যান্য মন্ত্রী ও প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন তিনি। মেইতি ও কুকি সম্প্রদায়ের সঙ্গে শাহ সাক্ষাৎ করবেন বলেও সূত্রের খবর। অমিত শাহের আগে সিডিএস অনিল চৌহানও মণিপুরে যান। তবে পরিস্থিতি স্বাভাবিক হতে কিছুটা সময় লাগবে বলে জানিয়েছেন তিনি। এখন দেখা পরিস্থিতি সত্যিই কবে স্বাভাবিক হয়।

গরমের ছুটি শেষ, আগামী সপ্তাহে খুলে যাচ্ছে স্কুল

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মেঃ ছুটি শেষ। অ্যাকাডেমিক ক্যালেন্ডার মেনেই খুলছে স্কুল। মাধ্যমিক-উচ্চমাধ্যমিক স্কুলগুলি খুলবে ৫ জুন। পূর্বঘোষিত সিদ্ধান্তেই সিলমোহর শিক্ষা দফতরের। ৫ জুন স্কুল খোলার বিষয়ে শিক্ষা দফতর থেকে স্কুলগুলিকে জানানো হয়েছে। তবে ৭ তারিখ খুলছে প্রাইমারি স্কুলগুলি। নির্দেশিকায় জানানো হয়েছে এমনই। প্রসঙ্গত, এবারে বৈশাখের শুরু থেকে ক্রমেই বেড়েছে গরমের দাপট। চলেছে তাপপ্রবাহ। তাতেই পড়ুয়াদের অস্বস্তির কথা মাথায় রেখে এপ্রিলের মাঝামাঝি সময়ে একদফার ছুটি দিয়ে দেয় রাজ্য সরকার। প্রবল গরমের জেরে ৬ দিন স্কুল বন্ধ রাখার কথা ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। সেই সময় বাড়ন্ত গরমে নিজের উদ্বেগের কথা জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, ‘‘আমি বাচ্চাদের সঙ্গে মিশি। একটি বাচ্চা আমায় জানিয়েছে আমরা আর পারছি না। মাথা যন্ত্রণা করছে। আর মাথা যন্ত্রণা মানে হিট স্ট্রোকের প্রবণতা। সেই জন্য পশ্চিমবঙ্গ সরকার এক্ষুনি সিদ্ধান্ত নিচ্ছে।’’ এরপর ১৭ এপ্রিল থেকে ২২ এপ্রিল পর্যন্ত চলে ছুটি। তারপর ফের খোলে স্কুল। সূত্রের খবর, আগের নির্ধারিত সূচি অনুযায়ী ২৪ মে থেকে স্কুলগুলিতে ছুটি পড়ার কথা ছিল। কিন্তু, দাবদহের জেরেই ছুটির দিনক্ষণ এগিয়ে আনার সিদ্ধান্ত নেয় সরকার।

কৃষক নেতার অনুরোধে কুস্তিগিররা গঙ্গায় মেডেল ভাসালেন না, মোদিকে সময় ৫ দিনের

হরিদ্বার, ৩০ মেঃ ভারতীয় কুস্তিগিরদের প্রতিবাদ মঙ্গলবার এক অন্যমাত্রা নেয়। দেশের জন্য জেতা আন্তর্জাতিক মেডেল হরিদ্বারের গঙ্গায় ভাসিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেন সাক্ষী মালিক, বজরং পুনিয়া, ভিনেশ ফোগাটরা। কৃষক নেতা নরেশ টিকায়েতের অনুরোধে গঙ্গার কাছে এসেও শেষ মুহূর্তে থমকে গেলেন তাঁরা। কেন্দ্র সরকারকে পাঁচ দিনের সময়সীমা বেঁধে দেন সাক্ষীরা। কুস্তি ফেডারেশনের সভাপতি ব্রিজভূষণ চরণ সিংয়ের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগে সরগরম হয়ে ওঠে গোটা দেশ। পথে নেমে প্রতিবাদ শুরু করেন কুস্তিগিররা। ধর্নায় বসেন তাঁরা। এই আন্দোলনকে প্রায় প্রথম থেকেই সমর্থন জানিয়েছিল রাকেশ টিকায়েতের কৃষক দল। রবিবার এই কৃষক দলের ডাকেই সংসদ ভবন অভিযানে গিয়েছিলেন আন্দোলনকারীরা। সেই অভিযানকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায় দিল্লিতে। কুস্তিগিরদের ওপর দিল্লি পুলিশের অত্যাচারের ছবি সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। যা নিয়ে গোটা দেশে নিন্দার ঝড় ওঠে। এতকিছুর পরেও বিজেপি সাংসদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। অভিযোগ, কুস্তিগিরদের দাবির বিষয়ে সম্পূর্ণ উদাসীন মোদি সরকার। তাই দেশের জন্য লড়ে নিজেদের অর্জিত মেডেল হরিদ্বারের গঙ্গায় ভাসিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেন কুস্তিগিররা। সেই মতো এদিন বিকেলে নিজেদের সব মেডেল ব্যাগে ভরে হরিদ্বারের ‘হর কি পৌরি’ ঘাটে জমায়েত হন সাক্ষীরা। সেখানেই কান্নায় ভেঙে পড়েন তাঁরা। বজরং পুনিয়াদের কান্না সরকারি সিদ্ধান্তে এখনও পর্যন্ত কোনও বদল ঘটায়নি। তবে এই খবর পেয়েই গঙ্গাঘাটে ছুটে আসেন কৃষক নেতা নরেশ টিকায়েত। আজই মেডেল না ভাসানোর জন্য হাতজোড় করে অনুরোধ করেন কুস্তিগিরদের। দীর্ঘক্ষণ আলোচনা করেন তাঁদের সঙ্গে। শেষে কুস্তিগিররা মেনে নেন কৃষক নেতার প্রস্তাব। কিন্তু যদি ৫ দিনের মধ্যে মোদি সরকার তাঁদের দাবি মেনে ব্রিজভূষণের বিরুদ্ধে কোনও ব্যবস্থা না নেয় তাহলে তাঁরা আজকের মেডেল ভাসানোর সিদ্ধান্ত কার্যকর করবে।

৩১ মে থেকে ৩ জুন ভারত সফরে আসছেন পুষ্প কমল দাহাল, রয়েছে একগুচ্ছ কর্মসূচি

কাঠমান্ডু, ৩০ মেঃনেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দাহাল 'প্রচন্ড' আগামী ৩১ মে থেকে ৩ জুন ভারত সফরে আসছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে ভারত সফরে আসছেন নেপালের প্রধানমন্ত্রী। ৩১ মে থেকে ৩ জুন, এই সময়ে ভারতে বেশ কিছু কর্মসূচি রয়েছে নেপালের প্রধানমন্ত্রীর।গত শনিবার সকালে ভারতের বিদেশমন্ত্রক জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে ৩১ মে থেকে ৩ জুন পর্যন্ত ভারত সফরে আসছেন নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দাহাল ' ২০২২ সালের ডিসেম্বরে দায়িত্ব নেওয়ার পর এটিই হবে নেপালের প্রধানমন্ত্রীর প্রথম দ্বিপাক্ষিক বিদেশ সফর। তাঁর সঙ্গে একটি উচ্চ-পর্যায়ের প্রতিনিধি দল থাকবে ভারতে।

জঙ্গিদের গুলিতে সার্কাস কর্মীর মৃত্যুতে থমথমে অনন্তনাগ

শ্রীনগর, ৩০ মে ঃ জঙ্গিদের গুলিতে এক সার্কাস কর্মীর মৃত্যুর পর থেকেই থমথমে জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ। সোমবার অনন্তনাগের জঙ্গল মাণ্ডির সরকারি মেডিক্যাল কলেজ চত্বরে জঙ্গি হানায় প্রাণ হারান দীপু নামে এক সার্কাস কর্মী। তাঁর বাড়ি উধমপুরে। জঙ্গিরা তাঁকে গুলি করে হত্যা করেছে। দীপুর মৃত্যুর পর থেকেই থমথমে অনন্তনাগ। পুলিশ জানিয়েছে, মামলা রুজু করা হয়েছে ও তদন্ত শুরু হয়েছে।সোমবার সরকারি মেডিক্যাল কলেজের সামনে জঙ্গিদের গুলিতে গুলিবিদ্ধ হওয়া ওই যুবককে তড়িঘড়ি ভর্তি করানো হয়েছিল হাসপাতালে। কিন্তু প্রাণে বাঁচানো যায়নি তাঁকে। চিকিৎসকেরা জানান, ঘটনাস্থলেই মৃত্যু হয় তাঁর। উল্লেখ্য, শ্রীনগরে জি-২০ বৈঠকের পর এই প্রথম জঙ্গিহানায় খুন হলেন কোনও সাধারণ নাগরিক।

এবার কি অবসর ! শিরোপা জিতে কি বললেন ধোনি

আমেদাবাদ, ৩০ মে ঃ মহেন্দ্র সিং ধোনির এটাই কি শেষ আইপিএল? ফাইনালের শেষেই কি অবসর ঘোষণা করবেন তিনি? আইপিএলের ফাইনাল ম্যাচ জুড়ে ক্রিকেট মহলে ঘুরে ফিরে এসেছে প্রশ্নটা। প্রশ্নটা ছিল দর্শকদের মধ্যেও। সব কৌতূহল দূর করে ক্যাপ্টেন কুল জানিয়ে দিলেন, তিনি থাকছেন। সমর্থকদের জন্যই খেলা চালিয়ে যেতে চান।পঞ্চমবার আইপিএল শিরোপা জিতে ইতিহাস গড়েছেন ধোনি।ম্যাচ জিতে ধোনি জানান, জানি, এটাই হয়তো সময় অবসর ঘোষণার। কিন্তু যেভাবে মানুষ আমায় ভালবাসা দিয়েছে, আমার প্রতি যে বিশ্বাস, স্নেহ দেখিয়েছে, সেখান থেকে মনে হচ্ছে আরও কটামাস কাটিয়ে দিয়ে মাঠে ফিরব। জানি না শরীর কতটা সঙ্গ দেবে।তবে খেললে এই সমর্থকদের জন্যই খেলব।

অবিশ্বাস্য,শেষের ২ বলে ছক্কা-চারে আইপিএল চ্যাম্পিয়ন চেন্নাই,বসল মুম্বইয়ের পাশে

আমেদাবাদ, ৩০ মে ঃ পেন্ডুলামের মতো দুলতে থাকা ম্যাচ। শেষ পর্যন্ত গড়াল শেষ ওভারে। সেখানেও রোমাঞ্চ। প্রথম চার বলে গুজরাট টাইটান্সকে শিরোপার হাত ছোঁয়া দূরত্বে নিয়ে গেলেন মোহিত শর্মা। তবে শেষ দুই বলে ১০ রানের সমীকরণে পরপর ছক্কা-চারে গুজরাটের মুঠো থেকে জয় ছিনিয়ে নিলেন রবীন্দ্র জাদেজা। রুদ্ধশ্বাস জয়ে পঞ্চমবারের মতো আইপিএলে চ্যাম্পিয়ন হলো চেন্নাই সুপার কিংস। ছুঁয়ে ফেলল পাঁচ বারের চ্যাম্পিয়ন মুম্বইকে।শিরোপা লড়াইয়ে গত সোমবার রাতে মহেন্দ্র সিং ধোনির দল ডাকওয়ার্থ লুইস স্টান পদ্ধতিতে জিতেছে ৫ উইকেটে।আইপিএল ফাইনালে সর্বোচ্চ ২১৪ রানের পুঁজি গড়ে গুজরাট। বৃষ্টিতে চেন্নাইয়ের নতুন লক্ষ্য দাঁড়ায় ১৫ ওভারে ১৭১। কাঙ্ক্ষিত ঠিকানায় পৌঁছে যায় তারা শেষ বলে।টানা দ্বিতীয় শিরোপা জয়ের আশা চুরমার হয়ে গেল গুজরাটের।

জনসেবা ও দরিদ্রদের ক্ষমতায়নে অবদানের জন্য স্মরণীয় হয়ে থাকবেন বালু ধানোরকার ঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৩০ মে ঃ মহারাষ্ট্রের চন্দ্রপুরের কংগ্রেস সাংসদ বালু ধানোরকারের গভীর শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শোকবার্তায় প্রধানমন্ত্রী জানিয়েছেন, জনসেবা ও দরিদ্রদের ক্ষমতায়নে অবদানের জন্য স্মরণীয় হয়ে থাকবেন বালুভাউ নারায়ণরাও ধানোরকারজি। মঙ্গলবার ভোরে দিল্লির মেদান্তা হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি। মৃত্যুকালে চন্দ্রপুরের কংগ্রেস সাংসদের বয়স হয়েছিল ৪৭ বছর। রেখে গেলেন



স্ত্রী প্রতিভা ও দুই ছেলেকে।মহারাষ্ট্রের কংগ্রেস মুখপাত্র অতুল লোন্ধে জানিয়েছেন, মঙ্গলবার ভোরে দিল্লির মেদান্তা হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন চন্দ্রপুরের কংগ্রেস সাংসদ বালু ধানোরকার। কংগ্রেস নেতা বালাসাহেব থোরাট বলেছেন, কিডনিতে পাথরের চিকিৎসার জন্য গত সপ্তাহে তাঁকে নাগপুরের একটি হাসপাতালে ভর্তি করা হয়েছিল। পরে তাঁকে দিল্লির হাসপাতালে রেফার করা হয়, কিন্তু প্রাণে বাঁচানো সম্ভব হয়নি। মঙ্গলবার জীবনাবসান হয়েছে তাঁর।কংগ্রেস সাংসদ বালু ধানোরকারে প্রয়াণে গভীর শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। টুইটারে নিজের মনের ভাব ব্যক্ত করে প্রধানমন্ত্রী লিখেছেন, চন্দ্রপুরের লোকসভা সাংসদ শ্রী বালুভাউ নারায়ণরাও ধানোরকারজির প্রয়াণে শোকাহত। জনসেবা এবং দরিদ্রদের ক্ষমতায়নে তাঁর অবদানের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন। তাঁর পরিবার ও অনুরাগীদের প্রতি সমবেদনা। ওম শান্তি। শোকপ্রকাশ করেছেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাও। এক টুইট বার্তায় লোকসভার স্পিকার জানিয়েছেন, মহারাষ্ট্রের চন্দ্রপুরের কংগ্রেস সাংসদ বালু ধানোরকারের মৃত্যুর খবর দুঃখজনক। তাঁর প্রয়াণ আমাদের সকলের জন্য অপূরণীয় ক্ষতি।

কম্বোডিয়ার রাজাকে রাষ্ট্রপতি ভবনে গার্ড অফ অনার, প্রধানমন্ত্রী-সহ অন্যদের সঙ্গে পরিচয় করালেন রাষ্ট্রপতি

নয়াদিল্লি, ৩০ মে ঃ কম্বোডিয়ার রাজা নারোদম সিহামনিকে গার্ড অফ অনারে অভ্যর্থনা জানানো হল রাষ্ট্রপতি ভবনে। মঙ্গলবার সকালে রাষ্ট্রপতি ভবনে পৌঁছলে কম্বোডিয়ার রাজা নারোদম সিহামনিকে গার্ড অফ অনারে অভ্যর্থনা জানানো হয়। এরপর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও অন্যান্য কেন্দ্রীয় মন্ত্রীদের সঙ্গে

কম্বোডিয়ার রাজাকে পরিচয় করিয়ে দেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।বিদেশ মন্ত্রকের মুখপাত্র অরিন্দর বাগচী জানিয়েছেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কম্বোডিয়ার রাজা নরোদম সিহামনিকে রাষ্ট্রপতি ভবনে আনুষ্ঠানিক স্বাগত জানিয়েছেন। পরে রাজঘাটে গিয়ে জাতির জনক মহাত্মা গান্ধীকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছেন কম্বোডিয়ার রাজা। প্রসঙ্গত, কম্বোডিয়ার রাজা ৩-দিনের সফরে সোমবারই দিল্লিতে এসে পৌঁছেছেন।

মণিপুরে পৌঁছেই উচ্চ পর্যায়ের বৈঠক কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর

ইম্ফল, ৩০ মে ঃ বিধ্বস্ত মণিপুরে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। মণিপুরে অশান্তি শুরু হওয়ার পর থেকে সোমবারই প্রথম পাহাড়ি-রাজ্যটিতে পা রাখলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী । গত সোমবার রাতে মণিপুরে পা রেখেই রাজ্যের পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী এন. বীরেন সিং সহ রাজ্যের গভর্নিং কাউন্সিলের সঙ্গে বৈঠক করেন তিনি। রাজ্যের আইন-শৃঙ্খলার কী পরিস্থিতি সেটা নিয়ে মুখ্যমন্ত্রী, রাজ্যপাল সহ গর্ভনিং কাউন্সিলের থেকে খোঁজ-খবর নেন। কীভাবে রাজ্যের উত্তপ্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা যায়, সে ব্যাপারে শাহ রাজ্যের মুখ্যমন্ত্রী সহ অন্যান্য আধিকারিকদের একটি রূপরেখাও দেন বলে সূত্রের খবর। পাশাপাশি মেইতি ও কুকি সম্প্রদায়ের সঙ্গেও শাহ দেখা করবেন এবং অশান্তি বন্ধ করার ব্যাপারে তাঁদের দাবি শুনবেন বলে সূত্রের খবর।জানা গিয়েছে, চারদিনের সফরে গত সোমবার মণিপুরে গিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তাঁর সঙ্গে মণিপুরে গিয়েছেন স্বরাষ্ট্র সচিব অজয় ভাল্লা সহ কেন্দ্রের সিনিয়ার আধিকারিকেরাও। মূলত, হিংসা-বিধ্বস্ত মণিপুরের পরিস্থিতি স্বাভাবিক করাই লক্ষ্য শাহের। ফলে আগামী ১ জুন পর্যন্ত তিনি মণিপুরেই থাকবেন এবং মেইতি ও কুকি সম্প্রদায়ের সদস্যদের সঙ্গেও সাক্ষা করবেন বলে সূত্রের খবর।এদিকে, সোমবার রাতে মণিপুরে পৌঁছেই রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী এন. বীরেন সিং সহ রাজ্যের অন্যান্য মন্ত্রী ও সিনিয়ার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে দীর্ঘ বৈঠক করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। হিংসা বন্ধ করার ব্যাপারে মেইতি ও কুকি সম্প্রদায়কে

সতর্কবার্তা দেওয়া হতে পারে এবং সেটা নিয়েও বৈঠকে আলোচনা হয় বলে সূত্রের খবর। স্বরাষ্ট্রমন্ত্রকের এক আধিকারিক বলেন, সম্প্রদায় গুলিকে নিরাপত্তার আশ্বাস দেওয়া হবে এবং অস্ত্র তুলে দিতে বলা হবে। যাতে আলোচনার মাধ্যমে বিষয়গুলি সমাধানের জন্য একটি অনুকূল পরিবেশ তৈরি করা যায়। যদিও কুকি সম্প্রদায় ইতিমধ্যে একটি শান্তি চুক্তির জন্য সরকারের সঙ্গে আলোচনা শুরু করেছে। তারা তাদের এলাকায় কিছু স্বায়ত্তশাসনের দাবি করছে। সেটা বিবেচনা করা হবে বলেও জানিয়েছেন তিনি। প্রসঙ্গত, গত সোমবার রাতে ইম্ফল বিমানবন্দরে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে সম্বর্ধনা জানান মণিপুরের রাজ্যপাল অনুসুইয়া উইকি এবং মুখ্যমন্ত্রী এন.বীরেন সিং। পাশাপাশি বিমানবন্দর থেকে গোটা ইম্ফলে শাহকে স্বাগত জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী ও প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে বার্তাবহ বড়-বড় প্ল্যাকার্ড দেখা যায়। সেগুলিতে লেখা, আমার তোমাদের সমর্থন চাই। আমরা শান্তি চাই। স্বরাষ্ট্রমন্ত্রীর সফর উপলক্ষে কড়া নিরাপত্তায় মোড়া ছিল গোটা ইম্ফল। --অন্যদিকে মণিপুরের ইমফলে, মণিপুরে জাতিগত সংঘর্ষে নিহতদের জন্য ১০ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ প্যাকেজ ঘোষণা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এছাড়া নিহতদের পরিবারের কোনও এক সদস্যকে সরকারি চাকরি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে অমিত শাহের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে।ভারত সরকার এবং মণিপুর সরকার রাজ্যে জাতিগত সংঘর্ষে নিহত ব্যক্তিদের ১০ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। প্রদেয় ক্ষতিপূরণের নগদ পাঁচ লক্ষ টাকা কেন্দ্র এবং পাঁচ লক্ষ টাকা রাজ্য সরকার সমানভাবে ভাগ করবে। এছাড়া অশান্তিতে নিহতদের পরিবারের কোনও এক সদস্যকে সরকারি চাকরি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।সরকারি এক বিশ্বস্ত সূত্রে জানা গেছে, গত সোমবার সোমবার গভীর রাতে কেন্দ্রীয়. স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, মুখ্যমন্ত্রী নংথমবাম বীরেন সিং, কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় কুমার, রাজ্যের কয়েকজন ক্যাবিনেট মন্ত্রী, বিজেপির জাতীয় মুখপাত্র সম্বিত পাত্র, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজযকুমার ভাল্লা, ইন্টেলিজেন্স ব্যুরোর (আইবি) অধিকর্তা তপনকুমার ডেকা, মণিপুর সরকারের মুখ্যসচিব, রাজ্যের ডিজিপি, গৃহ ও সধারণ প্রশাসনের শীর্ষ আধিকারিক এবং কেন্দ্রীয় সরকার নিয়োজিত নিরাপত্তা উপদেষ্টা কুলদীপ সিঙের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠকে হিংসা-কবলিত রাজ্যের সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করে এই সিদ্ধান্ত নিয়েছেন কেন্দ্রীয় স্বরষ্ট্রমন্ত্রী আমিত শাহ।এছাড়া গতরাতের বৈঠকে সংহিংস পরিস্থিতিকে শান্ত করতে এবং শান্তি ফিরিয়ে আনতে গুজব ছড়ানো রোধে ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে সূত্রের খবর। কেবল তা-ই নয়, গুজব দূর করতে বিএসএনএল-এর সহায়তায়. টেলিফোন লাইন স্থাপন করার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। তাছাড়া রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি পুনরুদ্ধার, ত্রাণ ব্যবস্থা ত্বরান্বিত করা, পেট্রোল, এলপিজি গ্যাস, চাল সহ অন্যান্য দৈনন্দিন প্রয়োজনীয় সামগ্রী সাধারণ মানুষের জন্য উপলব্ধ করা ইত্যাদি বেশ কয়েকটি বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।জানা গেছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় কুমার, বিজেপির জাতীয় মুখপাত্র সম্বিত পাত্র, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজযকুমার ভাল্লা, ইন্টেলিজেন্স ব্যুরোর অধিকর্তা তপনকুমার ডেকা, কেন্দ্রীয় সরকার নিয়োজিত নিরাপত্তা উপদেষ্টা কুলদীপ সিংকে সঙ্গে নিয়ে মেইতই ও কুকি, উভয় সম্প্রদায়ের শীর্ষ প্রতিনিধি এবং রাজনৈতিক ও সুশীল সমাজের নেতাদের সাথে ধারাবাহিক বৈঠক করবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।এছাড়া স্বশাসিত এলাকার দাবিদার কুকি বিধায়কদের সঙ্গেও বৈঠক করবেন অমিত শাহ। বৈঠক ছাড়া সবচেয়ে বেশি হিংসাজর্জর চুড়াচাঁদপুরেও যাবেন তিনি।

গত ৯ বছরে ভারতীয় ক্রীড়া জগতের অসাধারণ পরিবর্তন সত্যিই বিস্ময়কর

পি টি ঊষা,নয়াদিল্লিঃভারতের একজন ক্রীড়াবিদ হিসেবে নিজের যাত্রা এবং ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের প্রথম মহিলা সভাপতি হিসেবে নিজের অভিজ্ঞতার কথা ভাবলে গর্ব ও পরিপূর্ণতার অনুভূতিতে আমি অভিভূত হয়ে পড়ি। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে গত ৯ বছরে ভারতীয় ক্রীড়া জগতের অসাধারণ পরিবর্তন সত্যিই বিস্ময়কর। পরিকাঠামোর রূপান্তর ও উন্নয়ন থেকে শুরু করে সুনির্দিষ্ট প্রশিক্ষণ কর্মসূচি এবং খেলাধূলার জন্য বরাদ্দ অর্থের বৃদ্ধির পাশাপাশি খেলাধূলায় সাফল্যের ক্ষেত্রে আমাদের দেশ নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করেছে।ভারতীয় ক্রীড়া জগতের এই পরিবর্তনের সবচেয়ে উল্লেখযোগ্য দিকগুলির একটি হ'ল মহিলা ক্রীড়াবিদদের অবিশ্বাস্য পারফরমেন্স, বিশেষত যাঁরা গ্রামীণ এবং অনগ্রসর প্রেক্ষাপট থেকে এসেছেন। অসংখ্য চ্যালেঞ্জের মুখোমুখি হওয়া সত্ত্বেও এই মহিলারা অতুলনীয় সংকল্প ও সহনশীলতার পরিচয় দিয়েছেন। অ্যাথলেটিক্স, হকি, ব্যাডমিন্টন, টেবিল টেনিস, কুস্তি, ভারোত্তলন এবং বক্সিং - এর মতো বহু খেলায় আন্তর্জাতিক ক্ষেত্রে অসাধারণ সাফল্য তাঁদের অদম্য চেতনা এবং অটুট নিষ্ঠার প্রমাণ।ক্রীড়াবিদদের সঙ্গে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্রদ্র মোদীর ব্যক্তিগত যোগাযোগ সত্যিই অনুপ্রেরণাদায়ক। ক্রীড়াবিদদের প্রতি তাঁর সক্রিয় সমর্থন এবং তাঁদের কল্যাণের প্রতি প্রধানমন্ত্রীর আগ্রহ, খেলোয়া।দের মধ্যে বিশ্বাস ও অনুপ্রেরণার এক শক্তিশালী অনুভবের ক্ষেত্র প্রস্তুত করেছে। ক্রীড়াবিদদের সঙ্গে প্রধানমন্ত্রীর কথোপকথন, তাঁর উসাহদান এবং তাঁদের অগ্রগতির প্রতি প্রধানমন্ত্রীর তীব্র আগ্রহ, খেলোয়াড়দের মধ্যে গর্ব ও দায়িত্ববোধ জাগিয়েছে। ভারতীয় ক্রীড়াবিদদের মধ্যে আত্মবিশ্বাস এবং জয়ের মানসিকতা তৈরিতে এই ব্যক্তিগত সংযোগের ভূমিকা বিশাল।খেলাধূলার জন্য ভারত সরকারের বাজেট বরাদ্দ বৃদ্ধি আমাদের সাফল্যের এক উল্লেখযোগ্য চালিকাশক্তি। খেলাধূলার রূপান্তরকারী শক্তিকে স্বীকৃতি দিয়ে সরকার ধারাবাহিক ভাবে এই খাতে বরাদ্দ বৃদ্ধিকে অগ্রাধিকার দিয়েছে। এর সুবাদে উন্নত পরিকাঠামো, প্রশিক্ষণ কর্মসূচি এবং ক্রীড়াবিদদের মঙ্গলসাধন সম্ভব হয়েছে। বর্ধিত আর্থিক সমর্থনের ফলে ক্রীড়াবিদদের আর্থিক প্রতিবন্ধকতা দূর হয়েছে, তাঁরা খেলাধূলার প্রতি সম্পূর্ণভাবে মনোনিবেশ করতে পেরেছেন।' ইন্ডিয়া' উদ্যোগ দেশে ক্রীড়া সংস্কৃতি গা। তুলতে এবং তৃণমূল স্তরে শক্তিশালী ভিত্তি স্থাপনে বিশেষ ভূমিকা পালন করেছে। এই কর্মসূচিতে তরুণ ক্রীড়াবিদদের শুধু খেলাধূলায় অংশগ্রহণ করতেই উসাহ দেওয়া হয়নি, তাঁদের গুরুত্বপূর্ণ সহায়তা ও দিশা-নির্দেশ দেওয়া হয়েছে। আন্ত ঃস্কুল ও আন্ত ঃকলেজ প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে ' ইন্ডিয়া' দেশের প্রতিটি প্রান্ত থেকে লুকানো প্রতিভা খুঁজে বের করেছে। এই কর্মসূচি তরুণ ক্রীড়াবিদদের ব। মাপের স্বপ্ন দেখার বিশ্বাস দিয়েছে, খেলাধূলার প্রতি অনুরাগ জাগিয়েছে এবং ভবিষ্যতের চ্যাম্পিয়নদের জন্য পথ সুগম করেছে।প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর চালু করা ' ইন্ডিয়া' আন্দোলন দেশের শারীরিক সক্ষমতা ও সুস্থতার প্রেক্ষাপট পরিবর্তনে অনুঘটকের ভূমিকা পালন করেছে। সক্রিয় জীবনযাপনের গুরুত্বের উপর জোর দিয়ে এই আন্দোলন লক্ষ লক্ষ ভারতীয়কে তাঁদের স্বাস্থ্যকে অগ্রাধিকার দিতে এবং খেলাধূলাকে ভালোবাসতে অনুপ্রাণিত করেছে। সুস্বাস্থ্য ও শারীরিক সক্ষমতার প্রতি দেশের এই আগ্রহ সরাসরি প্রতিফলিত হয়েছে আমাদের ক্রীড়াবিদদের সাফল্যে, কারণ শারীরিক সক্ষমতাই খেলাধূলায় শ্রেষ্ঠত্বের ভিত্তি।ভারতীয় ক্রীড়াকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়া সবচেয়ে গুরুত্বপূর্ণ উদ্যোগগুলির মধ্যে একটি হ'ল - টার্গেট অলিম্পিক পোডিয়াম স্কিম (টপস্)। টপস্ - এর বাস্তবায়ন সম্পূর্ণ চিত্রটা বদলে দিয়েছে। এর মাধ্যমে দেশের সেরা ক্রীড়া প্রতিভাদের চিহ্নিত করে প্রশিক্ষিত করা হচ্ছে। এই প্রকল্পে ক্রীড়াবিদরা বিশ্বমানের বিশেষজ্ঞ প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তা পাচ্ছেন, যা তাঁদের বিশ্বস্তরে শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য প্রয়োজনীয় সবরকমের সংস্থান যোগাচ্ছে। স্বতন্ত্র মনোযোগ এবং ব্যক্তিগত চাহিদা নির্ভর প্রশিক্ষণ কর্মসূচি আমাদের ক্রীড়াবিদদের ব্যতিক্রমী পারফরমেন্সের পিছনে অন্যতম প্রধান ভূমিকা পালন করছে।এছাড়াও, ন্যাশনাল সেন্টার অফ এক্সেলেন্স (এনসিওই)-র প্রতিষ্ঠা ভারতের ক্রীড়াঙ্গণে বৈপ্লবিক পরিবর্তন এনেছে। এই কেন্দ্রগুলিতে অত্যাধুনিক পরিকাঠামো, সর্বাধুনিক প্রশিক্ষণের সুবিধা এবং শীর্ষস্থানীয় প্রশিক্ষক ও সহায়ক কর্মীদের সুবিধা পাওয়া যায়। এগুলি এমন সব উৎকর্ষ কেন্দ্রে পরিণত হয়েছে, যেখানে খেলোয়া।রা বিশ্বমানের সঙ্গে পরিচিত হন এবং বিশ্বমানের প্রশিক্ষণ লাভ করেন। নিজেদের সম্ভাবনার পূর্ণ সদ্ব্যবহার ও বিকাশে এই কেন্দ্রগুলি বিশেষ সহায়ক।খেলাধূলার প্রতি প্রধানমন্ত্রীর অপার মনোযোগ এবং ক্রীড়া উন্নয়নের প্রতি সরকারের সামগ্রিক দৃষ্টিভঙ্গীর সুবাদে ভারত আন্তর্জাতিক ক্রীড়া ক্ষেত্রে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে। অলিম্পিক, এশিয়ান গেমস্, কমনওয়েলথ গেমস্, বিশ্ব চ্যাম্পিয়ন শিপ - সব ক্ষেত্রেই তাঁরা নতুন উচ্চতা অতিক্রম করে পদক জিতে রেকর্ড স্থাপন করেছে। ভারতীয় ক্রীড়ার সমাদর এখন বিশ্ব জুড়ে, আমাদের ক্রীড়াবিদদের এখন সত্যিকরের চ্যাম্পিয়ন হিসেবে দেখা হয়।খেলাধূলা যে আর্থ-সামাজিক উন্নয়নের এক শক্তিশালী হাতিয়ার, তা আমি বরাবরই দৃ।ভাবে বিশ্বাস করি। যুবসমাজ খেলাধূলার প্রতি আকর্ষিত হলে তাঁদের শারীরিক স্বাস্থ্যের উন্নতি ও চরিত্র গঠন হবে, এর জেরে সামাজিক সংস্কার ও মানবিক মূলধনের উল্লেখযোগ্য বৃদ্ধি হবে। ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশন এবং ৯ বছর পূর্ণ হওয়া মোদী সরকার, ক্রীড়া ক্ষেত্রের উন্নয়নে একযোগে কাজ করছে। একটি দেশ হিসেবে আমরা যাতে অলিম্পিকের মহান আদর্শ ' অলটিয়াস ফোর্টিয়াস' অর্থা দ্রুততর উচ্চতর ও শক্তিশালী হতে পারি, তা সুনিশ্চিত করাই আমাদের লক্ষ্য।

মণিপুরের পরিস্থিতি নিয়ে রাষ্ট্রপতির দরবারে কংগ্রেস, উচ্চপর্যায়ের তদন্ত কমিশন গঠনের আর্জি জানিয়ে জমা পড়ল স্মারকলিপি

নয়াদিল্লি, ৩০ মে ঃ হিংসার আগুনে জ্বলছে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্য মণিপুর। দুই জনজাতির সংঘর্ষে এখনও পর্যন্ত নিহত হয়েছেন ৭৫ জন। মণিপুরের পরিস্থিতি নিয়ে এবার রাষ্ট্রপতির দরবারে কংগ্রেস। মণিপুরের ঘটনায় উচ্চপর্যায়ের তদন্ত কমিশন গঠনের আর্জি জানিয়ে রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি জমা দিয়েছে কংগ্রেস।কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের নেতৃত্বে কংগ্রেসের একটি প্রতিনিধি দল মঙ্গলবার রাষ্ট্রপতি ভবনে গিয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষা করে। ছিলেন কে সি বেনুগোপালও। রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি জমা দেন তাঁরা। কংগ্রেস নেতা জয়রাম রমেশ বলেছেন, আমরা মণিপুরের পরিস্থিতি নিয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর কাছে একটি স্মারকলিপি পেশ করেছি। সুপ্রিম কোর্টের একজন কর্মরত অথবা অবসরপ্রাপ্ত বিচারপতির নেতৃত্বে একটি উচ্চ-স্তরের তদন্ত কমিশন গঠন-সহ আমরা ১২টি দাবি উত্থাপন করেছি।

আমেরিকায় মেমোরিয়াল ডে'র শোভাযাত্রায় গুলি, নিহত ১৬ জন

ওয়াশিংটন, ৩০ মে ঃমেমোরিয়াল ডে পালন উপলক্ষ্যে আমেরিকার বিভিন্ন শোভাযাত্রায় গোলাগুলির ঘটনা ঘটেছে। এতে কমপক্ষে ১৬ জন নিহত এবং কয়েক ডজন আহত হয়েছেন।আমেরিকার হয়ে বিভিন্ন যুদ্ধে প্রাণ দেওয়া সাহসী সেনাদের স্মরণে প্রতিবছর মে মাসের শেষ সোমবার বর্ণাঢ্য আয়োজনে পালিত হয় মেমোরিয়াল ডে। এর ধারাবাহিকতায় শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে স্থানীয় সময় ২৯ মে ১৫৫তম মেমোরিয়াল ডে পালন করে দেশটির সর্বস্তরের মানুষ।দেশটির অন্তত আটটি অঙ্গরাজ্যের সমুদ্র সৈকত, বিদ্যালয় এবং মোটরসাইকেল শোভাযাত্রায় গুলি, বন্দুক হামলা ও হিংসার ঘটনা ঘটে। নিহতদের মধ্যে কিশোর-কিশোরীসহ রয়েছেন ৬০ বছর বয়সীরাও।ছুটির দিনটি শেষ হয় গুলির মধ্যে দিয়ে। স্থানীয় সময় সোমবার সন্ধ্যায় ফ্লোরিডার হলিউড বিচ এলাকায় গুলিতে নয়জন আহত হয়েছেন। সেই সময় মিয়ামির উত্তরে আটলান্টিক উপকূলে সৈকতে ছুটি উপভোগ করছিলেন।পুলিশ জানিয়েছে, দুটি গ্রুপের বাকবিতণ্ডা ও বিবাদ সহিংসতায় রূপ নেয়। যার মধ্যে ৯ ০জন ভুক্তভোগী হাসপাতালে ভর্তি হয়েছিল এবং আহতদের মধ্যে শিশুও রয়েছে। হলিউড পুলিশের মুখপাত্র ডিয়ানা বেটিনেশি রাতে সংবাদ সম্মেলনে বলেছেন, ঘটনাস্থল থেকে এক ব্যক্তিকে আটক করা হয়েছে এবং একজন সন্দেহভাজন ব্যক্তিকে খোঁজা হচ্ছে।এই ছুটিতে বন্দুক হিংসার প্রথম ঘটনাটি ঘটে স্থানীয় সময় শুক্রবার বিকালে। শিকাগো টেলিমুন্ডো এলাকায় নর্থ অ্যাভিনিউ বিচে দুটি দলের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। শিকাগোর ঘটনায় কেউ নিহত হননি। তবে এর আগে শিকাগোতে সপ্তাহব্যাপী বন্দুক যুদ্ধে নিহত হয় আটজন। আহত হয় অন্তত ৩২ জন।মেমোরিয়াল ডে পালন উপলক্ষে জাতির শ্রেষ্ঠ সন্তানদের সমাধি ফুল ও জাতীয় পতাকায় সজ্জিত করা হয়। অনেক সিটিতে সাঁজোয়া যানে করে বর্ণাঢ্য প্যারেড অনুষ্ঠিত হয়। মেমোরিয়াল ডে থেকেই দেশটিতে বেসরকারিভাবে গ্রীষ্মের শুরু।দিবসটি উপলক্ষ্যে আর্লিংটন ন্যাশনাল সেমেট্রিতে ফুল দেওয়ার মাধ্যমে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান দেশটির প্রেসিডেন্ট জো বাইডেন।বাইডেনের সঙ্গে যোগ দেন অ্যামেরিকার ফার্স্ট লেডি জিল বাইডেন, ভাইস প্রেসিডেন্ট কামালা হ্যারিস ও কামালা হ্যারিসের স্বামী ডগলাস এমহফ।

সমলিঙ্গ সম্পর্কে ফাঁসির সাজা, কড়া আইন উগান্ডা সরকারের

কাম্পালা, ৩০ মে ঃ সমলিঙ্গ সম্পর্ক নয়া কড়া পদক্ষেপ নিল উগান্ডা সরকার। নয়া আইন অনুযায়ী, বিশেষ বিশেষ ক্ষেত্রে সমলিঙ্গে যৌন মিলনের ' ফাঁসি পর্যন্ত হতে পারে।সম্প্রতি আফ্রিকা মহাদেশের এই দেশের প্রেসিডেন্ট ইয়োয়েরি মুসেভেনির মুখপাত্র এই নয়া আইন প্রণয়নের ঘোষণা করেছেন। আফ্রিকার ৩০টিরও বেশি দেশের মতো উগান্ডাতেও সমলিঙ্গ সম্পর্ক বেআইনি। নয়া আইনে এই সম্পর্ককে অপরাধের আঙিনায় না ফেলা হলেও বিশেষ ক্ষেত্রে ফাঁসির সাজার সংস্থান রাখা হয়েছে। সমলিঙ্গ সম্পর্ক নয়া আইনে বলা হয়েছে সমলিঙ্গে যৌনমিলনের অপরাধে ফাঁসির মতো শাস্তি হতে পারে।আফ্রিকার এই দেশটির প্রেসিডেন্ট ইয়োয়েরি মুসেভেনির মুখপাত্র জানিয়েছেন, এইচআইভি রোগীর সঙ্গে সমলিঙ্গের ব্যক্তি যৌন সম্পর্ক করলে বা নাবালক-নাবালিকার মধ্যে এরকম সম্পর্ক হলে যাবজ্জীবন কারাদণ্ড থেকে ফাঁসি পর্যন্ত হতে পারে। গত এপ্রিলে সমলিঙ্গ বিল নিয়ে উত্তাল ছিল উগান্ডা। কট্টরপন্থী এবং প্রগতিশীল উভয়পক্ষই বিলের পক্ষে এবং বিপক্ষে সরব হয়েছিলেন। অনুদান নিয়ে উগান্ডার অর্থনীতিকে সচল রাখা বিদেশি শক্তিও এই বিলের বিরোধিতায় সরব হয়েছিল। তা সত্ত্বেও চলতি মাসে উগান্ডার সংসদে বিলটি পাশ হয়ে যায়। সংসদে পাশ হওয়ার পর তড়িঘড়ি তা আইনে রূপান্তরিত করলেন প্রেসিডেন্ট মুসেভেনি। এমনিতে উগান্ডা সহ আফ্রিকার বহু দেশে সমকামিতাকে অপরাধ হিসেবে গণ্য করা হয়।

দিল্লি হাইকোর্টে জামিন-আর্জি খারিজ, সুপ্রিম কোর্টে যাচ্ছেন মনীশ সিসোদিয়া

নয়াদিল্লি, ৩০ মেঃ রাজধানী দিল্লিতে মদ নীতি বাস্তবায়নে দুর্নীতি মামলায় দিল্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির নেতা মনীশ সিসোদিয়ার জামিন-আর্জি খারিজ করে দিয়েছে দিল্লি হাইকোর্ট। সিবিআই-এর মামলায় জামিনের আবেদন জানিয়ে দিল্লি হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন সিসোদিয়া, কিন্তু মঙ্গলবার তাঁর জামিনের আবেদন খারিজ করে দিয়েছে দিল্লি হাইকোর্ট। ফলে দিল্লি হাইকোর্টে স্বস্তি পেলেন না অরবিন্দ কেজরিওয়াল ঘনিষ্ঠ সিসোদিয়া। এবার দিল্লি হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হচ্ছেন মনীশ সিসোদিয়া।উল্লেখ্য, দিল্লির একটি আদালত গত ২৩ মে দিল্লির প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রীর বিচার বিভাগীয় হেফাজত ১ জুন পর্যন্ত বাড়িয়েছিল। সিবিআই এই বছরের ২৬ ফেব্রুয়ারি তাঁকে গ্রেফতার করার পরে ইডি ৯ মার্চ সিসোদিয়াকে গ্রেফতার করেছিল। ইডি অভিযোগ করেছে, সিসোদিয়াই মদ নীতি বাস্তবায়ন দুর্নীতির মাস্টারমাইন্ড।

২ জুন অবধি বৃষ্টির পূর্বাভাস জম্মু-কাশ্মীরে, লেহ-র তাপমাত্রা বেড়ে ৬.০ ডিগ্রি

শ্রীনগর, ৩০ মে ঃজম্মু ও কাশ্মীরে আগামী ২ জুন পর্যন্ত হালকা থেকে মাঝারি বৃষ্টি, সঙ্গে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির পূর্বাভাস জারি করেছে আবহাওয়া দফতর। এই সময়ে কৃষকদের সমস্ত চাষবাসের ক্রিয়াকলাপ স্থগিত করার পরামর্শ দেওয়া হয়েছে। মঙ্গলবার আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ২৪ ঘন্টার মধ্যে অনেক জায়গায় হালকা থেকে মাঝারি বৃষ্টি ও বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে। বিচ্ছিন্ন জায়গায় শিলাবৃষ্টির সম্ভাবনাও উড়িয়ে দেওয়া যাচ্ছে না।আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, ৩১ মে থেকে ২ জুন পর্যন্ত হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে জম্মু ও কাশ্মীরে। এর পরে ৩-৮ জুনের মধ্যে প্রধানত শুষ্ক হওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে। মঙ্গলবার শ্রীনগরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১.৮ ডিগ্রি সেলসিয়াস, পহেলগামে ৮.৮ ডিগ্রি সেলসিয়াস, গুলমার্গে ৪.০ ডিগ্রি সেলসিয়াস, জম্মুতে ২০.৬ ডিগ্রি সেলসিয়াস এবং লাদাখের লেহ-তে এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৬.০ ডিগ্রি সেলসিয়াস।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৩১মে বুধবার, ১৬ জ্যৈষ্ঠ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ৩১মেঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ১৬ জ্যৈষ্ঠ মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৬ জ্যৈষ্ঠ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ১৬ জ্যৈষ্ঠ ১৯৪৪, মৈতৈ ঃ১১ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫.৫ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৬.০৫এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৪শতকরা এবং ৪৯শতকরা। বৃষ্টি হয়েছে মঙ্গলবার । জোয়ার- সকাল ৭ টা ২০ মিনিট এবং রাত৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৭টা ২০মিনিট। রাত-৭টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৬মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১৬ মিনিটে হবে

রাশিফল

মেষরাশিঃ আপনার অভদ্র আচরণ আপনার স্ত্রীর মেজাজ নষ্ট করতে পারে। ব্যবসায় সাফল্য।
বৃষভ রাশিঃআপনার দয়ালু স্বভাব আজ অনেক খুশির মুহূর্ত বয়ে আনবে। আপনার সৃজনশীল প্রতিভা সঠিকভাবে ব্যবহার করলে অত্যন্ত লাভজনক প্রমাণিত হতে পারে। শুভদিন।
মিথুন রাশিঃআপনার দয়ালু স্বভাব আজ অনেক খুশির মুহূর্ত বয়ে আনবে। অতীতে যে সমস্ত লোকেরা তাদের অর্থ বিনিযগে করেছিল তারা আজ সেই বিনিযগে থেকে উপকৃত হতে পারে। সাফল্য হতে পারে।
কর্কট রাশিঃকটা জায়গার পর নিজের ওপর চাপ দেবেন না এবং ঠিকভাবে বিশ্রাম নিন। শুভদিন
সিংহ রাশিঃকর্মব্যস্ত দিন হওয়া সত্ত্বেও স্বাস্থ্য সুন্দর থাকবে। অর্থনৈতিকভাবে, আজ একটি মিশ্র দিন হতে চলেছে। অর্থব্যয়
কন্যা রাশিঃযা আপনাকে নিজের সম্বন্ধে ভালো বোধ করায় এমন কিছু করার পক্ষে এটি চমকার দিন। বিবাহের যোগ হতে পারে
তুলা রাশিঃআপনার রুক্ষ মেজাজ আপনাকে কিছু ঝামেলায় ফেলতে পারে। রোজ ব্যায়াম করা উচিত
বৃশ্চিক রাশিঃআপনার আশা একটি সুন্দর কোমল সুগন্ধি এবং উজ্জ্বল ফুলের মত প্রস্ফুটিত হবে। টাকাপয়সা লাভ আপনার প্রত্যাশামাফিক হবে না।।
ধনু রাশিঃআপনি আপনার দিন যোগ এবং ধ্যান দিয়ে শুরু করতে পারেন। ব্যবসায় সাফল্য হবে
মকর রাশিঃআপনার বিরাট আস্থা এবং সহজ কাজের সময়সূচী আপনাকে আজ আরাম করতে যথেষ্ট সময় দেবে। অর্থ ব্যয় হবে
কুম্ভ রাশিঃআপনার দয়ালু স্বভাব আজ অনেক খুশির মুহূর্ত বয়ে আনবে। বিবাহের যোগ হবে,
মীন রাশিঃস্ত্রী আপনাকে অনুপ্রাণিত করতে পারেন। আপনার বাসস্থান সংক্রান্ত বিনিয়োগ লাভজনক হবে না। খুশিতে ভরা একটি দিন যেখানে স্ত্রী আনন্দ দিতে চেষ্টা করবে।

কলকাতায় কাউন্সিলারের বাড়ি থেকে আলমারি ভেঙে চুরি নগদ ৫০ লক্ষ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ মে ঃ খাস কলকাতায় চুরি। তাও আবার স্বয়ং কলকাতা পৌরসভার ৬৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার সুদর্শনা মুখোপাধ্যায়ের বালিগঞ্জ প্লেসের বাড়িতে। অভিযোগ, আলমারি ভেঙে ৫০ লাখ টাকা লুট করে পালিয়েছে দুষ্কৃতীরা। উধাও হয়েছে লাখখানেক টাকার অলঙ্কার। জানা গিয়েছে, দোতলার ফ্ল্যাট তালাবন্ধ অবস্থায় থাকার ফলে গত রাতে দুষ্কৃতীরা প্রথমে শৌচালয়ে প্রবেশ করে। এর পর শৌচালয়ের দরজা ভেঙে ঘরের ভিতরে ঢুকে পড়ে। কাউন্সিলরের তরফে স্থানীয় গড়িয়াহাট থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। তদন্তে নেমে পুলিশ জানতে পারে, চোরেরা ঘরে ঢোকার সময় বাড়ির সিসিটিভি ক্যামেরা প্রথমে ভেঙে দেয়।বিষয়টি প্রকাশ্যে আসে মঙ্গলবার সকালে। খাস কলকাতায় কাউন্সিলারের বাড়িতে চুরির ঘটনায় শহরের সাধারণ মানুষের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

জানা গিয়েছে, তিনতলায় থাকেন কাউন্সিলার সুদর্শনা মুখোপাধ্যায়। তাঁর দোতলার ফ্ল্যাট তালাবন্ধ অবস্থাতেই থাকে অধিকাংশ সময়। সকালে দোতলার শৌচালয় থেকে জল পড়ার শব্দ শুনতে পান কাউন্সিলর। এরপরই সেখানে গিয়ে তাঁরা দেখতে পান দুটি ঘর একেবারে লণ্ডভণ্ড অবস্থায় পড়ে রয়েছে । ঘরের আলমারি উন্মুক্ত অবস্থায় রয়েছে এবং সেখান থেকে সোনাদানাসহ সমস্ত কিছু নিয়ে চম্পট দিয়েছে চোরের দল। খবর পেয়ে ঘটনাস্থলে আসে স্থানীয় থানার পুলিশ। পাশাপাশি আসেন কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগের আধিকারিকরাও। চোরেরা কোন পথ দিয়ে ঢুকল এবং কোন রাস্তা দিয়ে পালাল তা জানার জন্য ইতিমধ্যেই রাস্তার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছেন তদন্তকারীরা। পুলিশ সূত্রের খবর, ঘরের তালা ভাঙতে না পেরে প্রথমে শৌচালয়ের দরজায় কাচ ভেঙে ফেলে চোরেরা। এরপর দুটি ঘর কার্যত লণ্ডভণ্ড করে আলমারির তালা ভেঙে লুটপাট চালায় তারা। আলমারি থেকে ৫০ লক্ষ টাকা খোয়া গিয়েছে বলে দাবি কাউন্সিলরের। সম্প্রতি একটি বিয়ের অনুষ্ঠানের জন্য লক্ষাধিক টাকার সোনার গয়না ওই আলমারিতে রেখেছিলেন কাউন্সিলার। তাঁর অভিযোগ, চোরেরা ওই সোনার গয়না এবং নগদ টাকা নিয়ে চম্পট দেয়। গোটা ঘটনার তদন্তে নামে স্থানীয় থানা এবং লালবাজারের গোয়েন্দা বিভাগ। এই ঘটনার তদন্তে নেমে পুলিশ অনুমান করছে এই চুরির নেপথ্যে থাকতে পারে কোনও পরিচিতের হাত। এর কারণ কাউন্সিলারের দোতলার ঘরটি তালাবন্ধ অবস্থায় থাকে। সেই খবর চোরেরা কীভাবে টের পেল? এই প্রশ্ন দানা বেঁধেছে তদন্তকারীদের মনে। চলছে জিজ্ঞাসাবাদ। প্রশ্ন উঠেছে, ফাঁকা ফ্ল্যাটের আলমারিতেই কেন এত টাকা রাখবেন কাউন্সিলার? এই টাকাটা তিনি পেলেন কীভাবে?

আয়ুর্বেদ জগতে দিশা দেখাচ্ছে মাধববাগ

প্রণব ভট্টাচার্য্য, কলকাতা, ৩০ মে ঃ ল্যানসেট-এর হৃদয়রোগ বিজয়োৎসব সংকল্প ২০১৬-এ প্রকাশিত একটি সমীক্ষা অনুসারে, ভারতে মোট মৃত্যুর ক্ষেত্রে হৃদরোগের অবদান ছিল ২৮ ৭। ডায়াবেটিসের রাজধানী হওয়ার পর ভারত এখন শীঘ্রই বিশ্বের হৃদরোগের রাজধানী হওয়ার ঝুঁকিতে রয়েছে। বসে থাকা নিষ্ক্রিয় জীবনযাপন, অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, মানসিক চাপ, ধূমপান এবং অ্যালকোহল হৃদরোগের প্রধান ঝুঁকির কারণ। ডায়াবেটিস, রক্তচাপ এবং স্থূলতার মতো ঝুঁকির কারণগুলি জীবনযাত্রার মান হ্রাস করে ভারতীয় জনসংখ্যাকে প্রভাবিত করছে। এই ব্যাধিগুলির জন্য চিকিৎসার খরচ বিশাল এবং ভারতীয় অর্থনীতিকে ব্যাপকভাবে প্রভাবিত করে। এই পরিস্থিতিতে, প্রতিদিন স্বাস্থ্যকর এবং কার্যকর জীবনধারা পরিবর্তন আনা এবং এর ফলে সমাজের রোগের বোঝা হ্রাস করা একটি নৈতিক দায়িত্ব হয়ে দাঁড়িয়েছে। আজ অবধি হাজার হাজার রোগী তাদের হৃদরোগ এবং ডায়াবেটিস,রক্তচাপ,স্থূলতা ইত্যা দির মতো ঝুঁকির কারণগুলিকে বিপরীত করতে সক্ষম হয়েছে। মাধববাগের হাত ধরে ৫টি জনপ্রিয় স্বাস্থ্য খাদ্য, ব্যায়াম এবং যোগব্যায়াম, স্বাস্থ্য ভিত্তিক আয়ুর্বেদিক পঞ্চকর্ম চিকিৎসা,

উন্নত পর্যবেক্ষণ এবং প্রাকৃতিক নিরাময়কারী ভেষজ ওষুধের মাধ্যমে সুস্বাস্থ্য লাভ করা সম্ভব হচ্ছে। সম্প্রতি গড়িয়াহাটে সূচনা হল একটি আয়ুর্বেদিক ক্লিনিক মাধববাগ। অত্যাধুনিক উপায়ে আয়ুর্বেদ শাস্ত্রকে মানুষের কাছে পৌঁছে দিতে এই সংস্থা বদ্ধপরিকর। সারা ভারতে মাধববাগ শীর্ষক মোট ৩৫০ টি ক্লিনিক আছে। কল কাতাতে প্রথম নির্মাণ হলো গড়িয়াহাটে। কার্ডিও, ডায়াবেটিস, ওবেসিটি, হাইপার টেনশন ইত্যাদি অসুখে যারা ভুগছেন তাদের সুস্থ জীবন দান করাই এই সংস্থার লক্ষ্য। সব ওষুধ বন্ধ করে এই পদ্ধতিতে একবছরের মধ্যে রোগীকে সুস্থতা দিতে পারবেন বলে দাবি কর্তৃপক্ষের। মাধববাগ চিকি ৎসকদের নির্দেশনা অনুসারে ডায়েট, ব্যায়াম এবং অন্যান্য জীবনযাত্রার পরিবর্তনগুলি অনুসরণ করে তাদের ব্যাধিগুলিকে নিরাময় করতে সক্ষম হয়েছে। এই সংস্থা রোগীদের সুস্থ জীবনের দিশা নিয়ে অভিনন্দন জানাতে সর্বদা প্রস্তুত। হৃদয়রোগ বিজয়োৎসবের ধারণা নিয়ে এসেছে এই সংস্থা। এই প্রতিষ্ঠান রোগীদের অভিজ্ঞতা শেয়ার করার সুযোগ দেবে যাতে এই রোগে আক্রান্ত অন্যান্য রোগীরা তাদের স্বাস্থ্যের নিয়ন্ত্রণ নিতে এবং একটি স্বাস্থ্যকর জীবনধারার দিকে পদক্ষেপ নিতে প্রয়োজনীয় অনুপ্রেরণা পেতে পারে। মাধববাগ হল বিশ্বের প্রথম আয়ুর্বেদিক কার্ডিয়াক কেয়ার প্রোভাইডার। হার্টের চিকিৎসার জন্য একমাত্র পেটেন্ট করা আয়ুর্বেদিক পদ্ধতি এখানে রয়েছে, যার নাম সমগ্র হৃদয় শুদ্ধিকরণ। সংস্থার লক্ষ্য ২০২৫ সালের মধ্যে ভারতে হৃদরোগ এবং এর ঝুঁকির কারণগুলির কারণে মৃত্যুহার এবং অসুস্থতা হ্রাস করা।

শিক্ষা দপ্তর থেকে জারি করা বিজ্ঞপ্তি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩০ মে ঃ চলতি গ্রীষ্মের মরসুমে চলা ছুটির পরে রাজ্য সরকার সব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় পুনরায় খোলার সিদ্ধান্ত নিয়েছে। আজ বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে আগামী ৫ই জুন থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং সাতই জুন থেকে প্রাথমিক স্কুলে পঠন পাঠন শুরু হবে বলে জানান হয়েছে। উল্লেখ্য ২৪ মে থেকে স্কুলে গ্রীষ্মের ছুটি পড়ার কথা থাকলেও অত্যাধিক গরমের কারনে দার্জিলিং ও কালিম্পং জেলা বাদে তা এগিয়ে দোসরা মে থেকে দেওয়া হয়। বার্ষিক ছুটির তালিকা অনুযায়ী আগামী চৌঠা জুন ছুটির মেয়াদ শেষ হওয়ার কথা।

মারণ ক্যান্সার আক্রান্ত হয়েও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় লেটার মার্কস তিয়াসার

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর,৩০ মে ঃ শুধুমাএ মনের জোরে ক্যান্সারের মতো মারণ রোগকে চ্যালেঞ্জ করে এবছর উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়েছিল জয়নগরের তিয়াসা প্রামানিক। আর তাতেই এলো বড়সড় সাফল্য।উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কলা বিভাগে তিন তিনটি বিষয়ের উপরে লেটার মার্কস পেয়ে নজির গড়লো জয়নগরের তিয়াসা। আগামী দিনে সংগীত নিয়ে পড়াশোনা করতে চায় সে। জয়নগর মজিলপুর পৌরসভার ৮ নং ওয়ার্ডের ঘোষ পাড়াতে বাবামা, ঠাকুমা ও ভাইয়ের সঙ্গে বসবাস করে। বাবা তাপস প্রামানিক পেশায় কাপড় ব্যবসায়ী, আর মা স্বপ্না গৃহবধূ। তিয়াসার ছোটবেলায় থেকে পড়াশোনার প্রতি খুব আগ্রহ ছিল। পড়াশোনার পাশাপাশি গান নিয়েও চর্চা করতো সে। মাধ্যমিক পরীক্ষার পর জয়নগর ইনস্টিটিউসান স্কুলে কলা বিভাগে ভর্তি হয়। সেখান থেকে নিমপীঠ রামকৃষ্ণ মিশন গার্লস স্কুলে তার পরীক্ষার সিট পরে। সেখানেই সে চিকিৎসকের পরামর্শ নিয়ে হুইল

চেয়ারে বসে পরীক্ষা দেয়। তিয়াসা এত বড় মারন রোগে আক্রান্ত বলে তাকে আলাদা করে পরীক্ষার ব্যবস্থা করেছিল নিমপীঠ গার্লস স্কুল কতৃপক্ষ । তিয়াসার মারণ রোগে আক্রান্ত হয়ে ও পড়াশোনার প্রতি আগ্রহে প্রবল ছিল । কোন বাধা তাকে আটকাতে পারিনি। উচ্চ মাধ্যমিক পরীক্ষার সব কটি পরীক্ষায় সে দিয়েছিল। টানা তিন বছর ধরে এই রোগে আক্রান্ত হয়ে কোন ভাবেই ভেঙে পড়েনি সে। পরিবারের বাবামা মন ভেঙে গেছে মেয়ের অসহ্য যন্ত্রণা নিয়ে একের পর এক ডাক্তার দেখিয়ে কোন সুরাহা পাচ্ছে না তিয়াসার পরিবার। যদিও এ বিষয়ে তিয়াসার বাবা এবং মা বললেন, তাদের মেয়ে পড়াশোনা যাই করুক না কেন সবার কাছে একটাই করুণা ও সুস্থ হয়ে ও আবার স্বাভাবিক জীবনে ফিরে আসুক। এটাই আমাদের আশা আর আমরা কিচ্ছু চাই না।ও জীবনে বেঁচে থাকুক এবং সুস্থ জীবনে ফিরে আসুক। মনের জোরে যে শরীরের সমস্ত প্রতিবন্ধকতা পরাজিত করতে পারা যায় তা ও আরো একবার প্রমাণ দিলেন জয়নগরের তিয়াসা প্রামানিক। আমরা সর্বান্তকরণে প্রার্থনা কর্, তিয়াসার শরীরের সব প্রতিবন্ধকতা কাটিয়ে আবারও সুস্থ জীবনে ফিরে আসুক। এলাকার মানুষ ও চান দ্রুত ভালো হয়ে উঠুক তাদের প্রিয় তিয়াসা। আর এই তিয়াসাকে তাঁর সাফল্য কামনার অভিনন্দন জানিয়ে এলো বারুইপুর রিপোর্টার্স ওয়েল ফেয়ার অ্যাসোসিয়েশনের সদস্যরা তাঁর বাড়িতে গিয়ে।

মাঝেরহাট মেট্রো নির্মাণে একটি অননুমোদিত কাঠামো ব্লক

